

বান্দরবানে বিভিন্ন থানার মামলার জব্দকৃত আলামত ধ্বংস

মোঃ জুয়েল হোসাইন, বান্দরবান জেলা প্রতিনিধি: / ৫২ Time View

Update : বৃহস্পতিবার, ১৯ অক্টোবর, ২০২৩



বান্দরবানে ৮৯টি মামলার আলামত হিসেবে জব্দকৃত আলামত বিচার কার্যক্রম শেষে ধ্বংস করা হয়েছে!

বৃহস্পতিবার (১৯ অক্টোবর) সকাল ৯টায় সময় বান্দরবান আদালত চত্বরে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মোহাম্মদ মাহাবুবুর রহমান এর নির্দেশনায় সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এ,এস,এম এমরান এর উপস্থিতিতে এসব নিষ্পত্তি হওয়ার আলামত ধ্বংস করা হয়।

আদালত সূত্রে জানা যায়, বান্দরবান জেলার বিভিন্ন থানার মামলার জব্দকৃত ৮৯টি মামলায় বিচার কার্যক্রম হইতে নিষ্পত্তি হওয়ার পরে আইনি প্রক্রিয়া শেষে আগুনে পুড়িয়ে ধ্বংস করা হয়!

এসময় উপস্থিত ছিলেন,কোর্ট পরিদর্শক একে ফজলুল হক, বান্দরবান সদর কোর্ট এ এস আই রাজিব রানা, এস আই জসিম উদ্দিন, মালখানা ভারপ্রাপ্ত ইনচার্জ এসআই প্রিয়ল পালিত, জি আরও বিশ্বজিৎ,কনস্টেবল মোঃ আরিফ,কনস্টেবল মনি কুমার ত্রিপুরা,কনস্টেবল সাদেক প্রমুখ।